


উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২১

তারিখঃ ২৩/০৭/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৮/০৭/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত উপজেলা কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আতাউর রহমান)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। উপ-সহকারী প্রকৌশলী (সেচ), গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান..... ইউ.পি. গফরগাঁও, ময়মনসিংহ।
- ৭। জনাব উপজেলা কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি,
গফরগাঁও, ময়মনসিংহ।
- ৮। অফিস কপি।

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।

সভার তারিখ : ২৮/০৭/২০২১ খ্রিঃ,

সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব কে গফরগাঁও উপজেলায় কৃষি ও সেচ কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, ক. উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও জানান যে, সার্বিকভাবে এ বছর অত্র উপজেলায় বোরো মৌসুমে ধানের উফশি জাতের ব্লাস্ট রোগের আক্রমণ প্রকট ছিল। পাতা ব্লাস্ট, গিট ব্লাস্ট এবং শীষ ব্লাস্ট-এই তিন ধরনের ব্লাস্ট রোগের মধ্যে নেক বা শীষ ব্লাস্ট সবচেয়ে ক্ষতিকর। পাইরিকুলোরিয়া ওরাইজি নামক এক ধরনের ছত্রাকের আক্রমণে এই রোগের বিস্তার ঘটে। গফরগাঁও উপজেলায় ৩,৫০০ একর জমি ব্লাস্ট রোগের সংক্রমণে পড়েছে বলে দেখানো হয়েছে এবং কৃষকগণের ব্যাপক ক্ষতি হয়েছে। সরকার বাহাদুর যদি কিছু ভুক্তি দেয় তবে এর ক্ষতি পুষিয়ে নেয়া সম্ভব। আউশ প্রণোদনা বিতরণ শেষ পর্যায়ে এবং এছাড়াও ২৮ ধানের বীজের চিটা দেখা দিয়েছে। তাছাড়া প্রত্যেক সার ডিলারগণের দোকানে প্রচুর পরিমাণে সার রয়েছে। ডিলারগণকে মূল্য তালিকা টানিয়ে সার বিক্রি করতে নির্দেশনা প্রদান হয়েছে। তাছাড়া সারের মজুদ সন্তোষজনক এবং তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।</p> <p>খ. তিনি আরও জানান যে, কৃষি মন্ত্রণালয়াদীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাদীন “উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য উপজেলা পরিষদের নিজস্ব জমিতে তিনতলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের নির্দেশনা রয়েছে থাকায় গফরগাঁও উপজেলা পরিষদের মালিকানাধীন জমি বরাদ্দ প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। গ্রামগঞ্জে উৎপাদিত সবজি যে ন্যায্য মূল্যপায় সেজন্য এ ব্যাপারে তিনি দ্রুত সময়ের কৃষককে দ্রুত পরামর্শ দিয়ে সাহায্য করার জন্য প্রস্তাব করেন।</p> <p>সরকারীভাবে ধান সংগ্রহের জন্য উপ-সহকারী কৃষি অফিসাররা বিভিন্ন ইউনিয়নে কৃষি কার্ডধারী কৃষকদের মধ্যে লটারীর জন্য টোকেন বিতরণ করবেন। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দারা উপ-সহকারী কৃষি অফিসারের সাথে যোগাযোগ করার জন্য বলা হলো। সভায় এ সকল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>১. গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে।</p> <p>২. ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।</p> <p>৩. সভাপতি এগ্রিমেন্ট/কৃষি পণ্যের বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজন্য উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করেন।</p> <p>৪. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৫. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।</p> <p>৬. প্রাকৃতিক দুর্যোগ/শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত ফসলের তথ্যাদি উদ্ধৃতন কর্তৃপক্ষকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।</p> <p>খ. সভায় বিস্তারিত আলোচনাতে “উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলা কৃষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য উপজেলা পরিষদ কনফারেন্স ভবনের পিছনে জমি বরাদ্দ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আতাউর রহমান)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, গফরগাঁও।

তারিখঃ ২৮/০৭/২০২১ খ্রিঃ

স্মারক নং-কৃষি ও সেচ/গফরগাঁও/২০২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা কৃষি অফিসার

গফরগাঁও, ময়মনসিংহ।